ঝিনাইদহে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত

“মুজিববর্ষের অঙ্গীকার, পুলিশ হবে জনতার” মাদক, জঙ্গীবাদ, সন্ত্রাস নারী ও শিশু নির্যাতন কে ‘না’ বলুন শ্লোগানে ঝিনাইদহে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকেলে সদর উপজেলার গান্না ইউনিয়নের চন্ডিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের আয়োজন করে ৬নং গান্না ইউনিয়ন কমিউনিটি পুলিশিং কমিটি।

সভায় গান্না ইউপি চেয়ারম্যান নাসির উদ্দিন মালিথার সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন ঝিনাইদহের পুলিশ সুপার হাসানুজ্জামান (পিপিএম)।

বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, সদর থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহীদুল ইসলাম হিরণ, পৌর আওয়ামী লীগের সভাপতি বাবু জীবন কুমার বিশ্বাসসহ প্রমুখ।

মতবিনিময় সভায় উপস্থিত সাধারণ জনতার বিভিন্ন অভিযোগের জবাব ও মতামত প্রদান করেন প্রধান অতিথি পুলিশ সুপার হাসানুজ্জামান (পিপিএম)।

মেপ্র/ আরপি

কুষ্টিয়ায় রোহিঙ্গা তরুণী আটক

কুষ্টিয়ায় এক রোহিঙ্গা তরুণীকে আটক করেছে পুলিশ। গতকাল বৃহস্পতিবার দুপুরে কুষ্টিয়া সদর উপজেলার হাটশ হরিপুর ইউনিয়নের শালদহ গ্রামের একটি বাড়ি থেকে গোয়েন্দা পুলিশ (ডিবি) তাঁকে আটক

করে।

আটককৃত ওই তরুণীর নাম উম্মুল খায়ের (২২)। তিনি মিয়ানমারের মংডুর ফজল হকের মেয়ে। মিয়ানমার থেকে পালিয়ে এসে তরুণীর পরিবার কক্সবাজারের উখিয়ার ট্যাংকখালী ১৭ নম্বর ক্যাম্পে বসবাস করে আসছিলো।

কুষ্টিয়ার অতিরিক্ত পুলিশ সুপার গোলাম সবুর জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ওই রোহিঙ্গা তরুণীসহ দুজনকে আটক করা হয়। পরে তাঁদের গোয়েন্দা কার্যালয়ে নেওয়া হয়।

তিনি জানান, ২৫ জানুয়ারি তিনি সেখান থেকে কুষ্টিয়ার এক যুবকের সঙ্গে এখানে চলে আসেন। তবে তদন্তের স্বার্থে যুবকের পরিচয় গোপন রাখা হচ্ছে। তরুণীকে কুতুপালং ক্যাম্পে পাঠানো হবে বলেও জানান তিনি।

মেপ্র/ আরপি

নির্বাচন বিএনপির লক্ষ্য নয়-ইনু

নির্বাচন বিএনপির লক্ষ্য নয় বলে মন্তব্য করেছেন তথ্যমন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ও জাসদ সভাপতি হাসানুল হক ইনু।

তিনি বলেন, নির্বাচনকে ব্যবহার করে রাজনৈতিক পরিস্থিতি ঘোলাটে করে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বেকাদায় ফেলায় চেষ্টা চালিয়ে যাচ্ছে।

তিনি গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে এগারোটায় কুষ্টিয়ার মিরপুর উপজেলার পাহাড়পুর লক্ষিপুর মাধ্যমিক বিদ্যালয়ে নতুন ভবনের উদ্বোধন শেষে সাংবাদিকদের এসব কথা বলেন।

হাসানুল হক ইনু বলেন, নির্বাচনকে ব্যবহার করে একটি রাজনৈতিক

নিন্মচাপ ও ঘুর্ণিঝড় তৈরী করার চেষ্টা চালিয়ে যাচ্ছে বিএনপি। এজন্য তারা নির্বাচনকে নির্বাচন হিসেবে না দেখে বিভিন্ন সময় বিভিন্ন অযুহাত তৈরী করতে চায়। জাতির পিতা, সংবিধান ও মুক্তিযুদ্ধের চেতনার পক্ষে যারা কথা বলে না, তারা কোন প্রতিষ্ঠানে যাওয়ার যোগ্যতা রাখেনা বলেও উল্লেখ করেন তিনি।

এসময় জাসদ কেন্দ্রীয় নেতা মো: আব্দুল্লাহ, মিরপুর উপজেলা জাসদের সাধারণ সম্পাদক আহমেদ আলী, উপজেলা সহকারী কমিশনার (ভুমি) রকিবুল ইসলামসহ স্কুল কমিটির সদস্য ও জাসদ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মেপ্র/ আরপি

কোটচাঁদপুরে ইট ভাটায় দেড় লক্ষ টাকা জরিমানা আদায়

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার সাফদারপুরে অবৈধভাবে গড়ে উঠা রিপন বিক্সে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র ছাড়া ইট প্রস্তুত এবং ভাটা স্থাপন ও নিয়ন্ত্রণ আইনে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে দেড় লক্ষ টাকা জরিমানা আদায় করা হয়েছে।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১২ টার দিকে উপজেলার সাফদারপুর মকসেদ মোড়ে রিপন বিক্সে উপজেলা প্রশাসনের নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট নাজনীন সুলতানার নেতৃত্বে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এই জরিমানা আদায় করা হয়।

অন্যদিকে পৌর শহরের পুথিঘর লাইব্রেরীতে অবৈধ গাইট নোট বিক্রির অভিযোগে দুই হাজার টাকা জরিমানা আদায় করে ভ্রাম্যমান আদালত। উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট নাজনীন সুলতানা জানান, পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র ছাড়া জ্বালানীর জন্য অবৈধভাবে গাছ কেটে পোড়ানোর দায়ে রিপন ব্রিক্সে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

ভাটার মালিক আজিজুল হককে ইট প্রস্তুত এবং ভাটা স্থাপন ও

নিয়ন্ত্রণ আইনে নগদ দেড় লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। প্রশাসনের পক্ষ থেকে এই অভিযান অব্যহত থাকবে বলেও জানান নির্বাহী অফিসার নাজনীন সুলতানা।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা সার্টিফিকেট পেশকার মোহাম্মদ আল-মামুন সহ থানা পুলিশের সদস্যরা।

মেপ্র/ আরপি

মেহেরপুরে শোলমারী মাধ্যমিক বিদ্যালয়ে নবীন বরণ ও বিদায় অনুষ্ঠান

মেহেরপুর সদর উপজেলার শোলমারী মাধ্যমিক বিদ্যালয়ে নবীন বরন ও এসএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিদ্যালয় প্রাঙ্গণে দিন ব্যাপী এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোঃ মনিরুল ইসলাম।

সেলিম রেজার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ সহিদ সাদেক হোসেন বাবলু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ গোলাম মোস্তফা মোঃ ইমতিয়াজ আহমেদ মিরন, কুতুবপুর ইউনিয়ন পরিষদের মেম্বার এবং মোঃ আক্তার হোসেন।

বিদায়ী ছাত্র ছাত্রীদের পক্ষ থেকে বক্তব্য রাখেন টুটুল ইসলাম ইসলাম ও শাওন আহমেদ।

পরে নবীনদের ফুল দিয়ে বরণ এবং এসএসসি বিদায়ী ছাত্র-ছাত্রীদের সকল পরীক্ষার উপকরণ দেওয়া হয়।

মেপ্র/এমএফআর

গাংনীতে মুক্তি নারী ও শিশু উন্নয়ন সংস্থার উদ্যোগে সাংবাদিকদের সাথে মতবিনিময়

মেহেরপুরের গাংনীতে মুক্তিনারী ও শিশু উন্নয়ন সংস্থার উদ্দ্যোগে সাংবাদিকদের সাথে মতবিনিময়সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুরে উপজেলা কৃষি অফিসের প্রশিক্ষণ কেন্দ্রে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, গাংনী প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক ও মাইটিভি জেলা প্রতিনিধি মোঃ মাহাবুব আলম।

ইত্তেফাকের প্রতিনিধি আমিরুল ইসলাম অল্ডামের সভাপতিত্বে বক্তব্য রাখেন সংস্থার সমন্বয়কারী উম্মে সালমা। এসময় সংস্থার বিভিন্ন কর্মকর্তা ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে ফ্রি মেডিক্যাল ক্যাম্প অনুষ্ঠিত

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার পিড়াগাতি গ্রামে আফতাব উদ্দীন স্মৃতি ফাউন্ডেশনের উদ্যোগে গতকাল ফ্রি মেডিক্যাল ক্যাম্প অনুষ্ঠিত হয়। শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেকেস্রর ১২জন চিকিৎসক ক্যাম্পে বিভিন্ন ধরনের প্রায় ৫শতাধিক রোগিকে চিকিৎসা সেবা প্রদান করেন।

মেডিক্যাল ক্যাম্পে সভাপতিত্ব করেন আফতাব উদ্দীন স্মৃতি

ফাউন্ডেশনের চেয়ারম্যান আসাদুজ্জামান। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শৈলকুপা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকতা ডাঃ রাশেদ আল মামুন।

এছাড়া বিশেষ অতিথিরা হলেন ঝিনাইদহ সমাজসেবা কার্যালয় উপ-পরিচালক কর্মকতা আব্দুল লতিফ শেখ, শৈলকুপা সমাজসেবা অফিসার মাসুদ আহম্মেদ, ঝিনাইদহ পৌর সমাজসেবা অফিসার মমিনুর রহমান, ঝিনাইদহ সদর হাসপাতালের রেজিষ্টার অফিসার রুমুনু ইয়াসমিন প্রমুখ।

এছাড়া আমন্ত্রিত বিশেষ ব্যক্তি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রিয় নাট্য ব্যক্তিত্ব সিদ্দিকুর রহমান।

শৈলকুপা পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষককে নিয়মবর্হিভূত ভাবে বরখাস্তের অভিযোগ

ব্যক্তিগত স্বার্থ চরিতার্থের উদ্দেশ্যে সরকারি নিয়ম নীতির তোয়াক্কা না করে ঝিনাইদহের শৈলকুপা পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক দিলারা ইয়াসমিনকে নিয়মবর্হিভূত ভাবে বরখাস্তের অভিযোগ উঠেছে পরিচালনা পর্ষদের বিরুদ্ধে।

বৃহস্পতিবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে তিনি এ অভিযোগ করেন।
তিনি তার বক্তব্যে বলেন, ২০১৭ সালের ৪ জুলাই বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসেবে যোগদান করেন তিনি। এরপর থেকেই বিদ্যালয়ের শিক্ষার্থীদের উপস্থিতি, শিক্ষাদান, শিক্ষার মান উন্নয়নে কাজ করে যাচ্ছেন তিনি। যোগদানের ১১ মাস পর ওই বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক ফজলুর রহমান প্রধান শিক্ষক পদ না পাওয়ার কারণে কিছু কর্মচারী ও শিক্ষকদের সাথে নিয়ে দিলারা ইয়াসমিনের বিরুদ্ধে ষড়যন্ত্র শুরু করে।

এমনকি টাকা আত্মসাৎ মামলা দায়ের করে। এ বিষয়ে শিক্ষা মন্ত্রনালয়ের একটি অডিট টিম তদন্ত করে তার সত্যতা পায়নি। তারপরও থেমে থাকেনি সহকারী প্রধান শিক্ষক ফজলুর রহমানের ষড়যন্ত্র ও নির্যাতন। এর কয়েকদিন পর অফিস কক্ষে প্রধান শিক্ষককে লাঞ্ছিত করে। এ ঘটনায় দিলারা ইয়াসমিন বাদী হয়ে আদালতে মামলা দায়ের করেন। যে মামলায় ওই বিদ্যালয়ের ৪ জন শিক্ষক ও কর্মচারী জেল হাজতে রয়েছেন।

এরই জের ধরে বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সভাপতি তৈয়বুর রহমান খান গত ২৮ জানুয়ারি রাতের আধাঁরে পাশের একটি বিদ্যালয়ে মিটিং করে প্রধান শিক্ষককে সাময়কি বহিস্কার করার আদেশ দিয়েছেন। এই আদেশ ব্যক্তিগত স্বার্থ চরিতার্থ করার উদ্দেশ্যে করা বলে সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয়। দিলারা ইয়াসমিন এর সঠিক বিচার দাবী করেছেন।

অভিযোগের বিষয়ে কৈফিয়ত তলব, জবাবপত্র গ্রহণ, ব্যক্তিগত শুনানি ও আত্মপক্ষ সমর্থনের নিয়ম থাকলেও এসব নিয়ম উপেক্ষা করে কিভাবে বরখাস্তের সিন্ধান্ত নিয়েছেন এ বিষয়ে তৈয়বুর রহমান খানের সাথে মোবাইলে যোগাযোগ করা হলে তিনি কোন সদুত্তর দিতে পারেননি।

মেহেরপুর পৌরসভার উদ্যোগে টিন বিতরণ

মেহেরপুর পৌরসভার উদ্যোগে ৪ নং ওয়ার্ডের এক দুস্থ পরিবারকে টিন বিতরণ করা হয়।

বৃহস্পতিবার সকালে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন তাদের হাতে এ টিন তুলে দেন।

এসময় উপস্থিত ছিলেন, প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, ৭ নং ওয়ার্ড কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব, ২ নং ওয়ার্ড কাউন্সিলর আব্দুল্লাহ আল মামুন,

৩ নং ওয়ার্ড কাউন্সিলর সৈয়দ আবু আব্দল্লাহ বাপ্পি, ৪ নং ওয়ার্ড কাউন্সিলর ইভান, মহিলা কাউন্সিলর আল্পনা খাতুন প্রমুখ।

মেপ্র/এমএফআর

ওষুধ কোম্পানীর প্রতিনিধিদের দৌরাত্মে অতিষ্ঠ (ভিডিও সহ)

মেহেরপুর জেনারেল হাসপাতালে ওষুধ কোম্পানীর প্রতিনিধিদের দৌরাত্মে অতিষ্ঠ হাসপাতাল কতৃপক্ষ। নির্দিষ্ট সময় বেধে দিলেও সেদিকে কোন কান দেন না এই সব রিপ্রেজেন্টেটিভরা।

হাসপাতালের পরিবেশ সুষ্ঠ রাখতে পুলিশ ক্যাম্প বসানো হলেও খুব একটা কাজ হচ্ছে না। বুধবার সকালে হাসপাতালের তত্বাবধায়ক তাহাজ্জেল হোসেন নিজেই এক ওষুধ কোম্পানীর রিপ্রেজেন্টেটিভকে ধরে পুলিশে দিলেও অজ্ঞাত কারনে তাকে ছেড়ে দিতে হয়।

সপ্তাহের দুইদিন শনিবার ও মঙ্গলবার রিপ্রেজেন্টেটিভদের জন্য নির্ধারন থাকলেও প্রতিদিনিই তাদের আনাগোনা হাসপাতাল প্রাঙ্গনে।

ডাক্তারদের বিভিন্ন ধরনের উপঢৌকন দিয়ে তাদের সাথে সু-সম্পর্ক তৈরি করে নিজ কোম্পানীর ওষুধ প্রেসক্রিপশনে লিখে নেওয়াই হচ্ছে তাদের উদ্দেশ্য। ডাক্তার চেম্বার থেকে রোগী বের হওয়ার সাথে সাথে তাদের দৌড়ঝাপ শুরু হয়ে যায় প্রেসক্রিপশন দেখা নিয়ে। পকেট থেকে স্মার্ট ফোন বের ছবিও তুলে নেন প্রেসক্রিপ্সনের।

বুধবার দুপুরের আগে হাসপাতালে গিয়ে দেখা এই চিত্র। বেশ কয়েকজন ওষুধ কোম্পানীর প্রতিনিধিরা ডাক্তারের চেম্বারে কেউ কেউ প্রেসক্রিপশনের ছবি তোলা নিয়ে ব্যাস্ত আবার কয়েকজন বাইরে অপেক্ষ করছে।

৭০ বছরের বৃদ্ধ গনী মেম্বর, ডাক্তারের চেম্বার থেকেই বের হতেই ড্রাগ ইন্টারন্যাশনাল এর প্রতিনিধি মেহেদী হাসান তার হাতে থাকা

প্রেসক্রিপশন টা নিয়ে ছবি তুলে নিলেন। জিজ্ঞেস করতেই বলে উঠলেন, কোম্পানীকে দেখাতে হয়। হাসপাতাল কতৃপক্ষ আপনাদের জন্য নির্দিষ্ট দিন ঠিক করে দিয়েছে আজ কেন। এমন প্রশ্নে মেহেদী হাসান জানান কোম্পানীকে দেখাতে আমরা কাজ করি কি না। তাই বাধ্য হয়ে প্রতিদিনিই আসতে হয়।
ল্যাব এইড এর প্রতিনিধি আব্দুর রব বলেন, কোম্পানীকে প্রেসক্রিপ্সনের ছবি না দিলে চাকরী থাকবে না। তাই হাসপাতাল কতৃপক্ষ নিষেদ করলেও আসতে হয়।

ওষুধ লেখাতে ডাক্তারদের কোন উপঢৌকন দিতে হয় কিনা জানতে চাইলে আব্দুর রব বলেন, এগুলো কোম্পানী ঠিক করে। আমাদের কাজ প্রতি মাসে যেভাবেই হোক ৭০-৮০ হাজার টাকার ওষুধ বিক্রি করতে হবে।

হেলথ কেয়ার কোম্পানীর প্রতিনিধি শরিফুল বলেন, আমাদের অফিসিয়ালভাবে প্রেসক্রিপশন সার্ভে দেওয়া লাগে। সেজন্য নিষেধ থাকা সর্তেও আসতে হয়।

নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন ডাক্তার জানান, রিপ্রেজেন্টিভরা তো গরিব মানুষ, এদের পিছনে লেগে লাভ কি। কোম্পানীর চাপে পড়ে এদের আসতে হয়। উপঢৌকনের বিনিময়ে ওষুধ প্রেসক্রাইভ করার অভিযোগ অস্বীকার করেন ডাক্তাররা।

হাসপাতাল ক্যাম্প ইনচার্জ রাকিব জানান, বুধবার সকালের দিকে হাসপাতালের তত্বাবধায় তাহাজ্জেল হোসেন এক রিপ্রেজেন্টিভকে ধরে আমাদের কাছে দেয়। পরে মুচলেকা দিয়ে সে ছাড়া পাই। এসব কাজ তত্বাবধায়কের না আপনাদের জানতে চাইলে তিনি বলেন, অবশ্যই আমাদের। আমরা হাসপাতালের পরিবেশ স্বাভাবিক সুষ্ঠ রাখতে সব সময় সোচ্চার থাকি।

এ বিষয়ে হাসপাতালের তত্বাবধায়ক তাহাজ্জেল হোসেন জানান, আমরা আমাদের মত চেষ্ট করি হাসপাতালের পরিবেশ ঠিক রাখতে। কিন্তু একা চেষ্ট করে লাভ কি, কেউ যদি সহযোগীতা না করে। আমি কিছু করতে গেলে আমাকে বিভিন্ন ধরনের হুমকি দেওয়া হয়।

মেপ্র/ইএম